গাংনীতে আমিন মিষ্টান্ন ভাণ্ডারের স্বত্ত্বাধিকারী রাশিদুল ইসলাম জেল হাজতে

মেহেরপুরের গাংনীর আমিন মিষ্টান্ন ভাণ্ডারের স্বত্ত্বাধিকারী রাশিদুল ইসলামকে জেল হাজতে পাঠিয়েছে আদালত।

আজ বুধবার দুপুরে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিজ্ঞ বিচারক এসএম শরিয়ত উল্লাহ আদালতে হাজির হলে আদালত রাশিদুল ইসলামকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন।

মামলার এজাহার সুত্রে জানা গেছে, ২০২২ সালের ১৩ই আগষ্টে জেলা বিশুদ্ধ খাদ্য অধিদপ্তরের ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে মেহেরপুরের সদর উপজেলার মদনা গ্রামের নাসির ফল ভান্ডারে মেয়াদ ও মুল্যতালিকা বিহীন দই ও রশগোল্লা মিষ্টি উদ্বার করে।

এসময় নাসির ফল ভান্ডারের স্বত্তাধীকারি নাসির উদ্দিন খাদ্য অধিদপ্তরকে জানায়, ওই সকল মিষ্টি জাতীয় পণ্য গাংনী উপজেলা শহরের আমিন মিষ্টান্ন ভান্ডার থেকে গাড়ি যোগে দোকান দোকানে পৌঁছে দেওয়া হয়। পরে খাদ্য অধিদপ্তরের পক্ষ থেকে আমিন মিষ্টান্ন ভান্ডারের স্বত্তাধীকারি রাশিদুল ইসলামকে মেয়াদ ও মুল্য তালিকা প্রদান না করার কারন জানতে চাওয়া হয়েছিলো।

পরে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আর কোন পণ্য মুল্য ও মেয়াদ ছাড়া তিনি প্রস্তুত করবেন না। এর পরেও জেলার কয়েকটি দোকানে আমিন মিষ্টান্ন ভান্ডারের মেয়াদবীহিন পন্য পাওয়া যায়। এর পর তার বিরুদ্ধে বিশুদ্ধ খাদ্য আদালতের মামলা দায়ের করেন মেহেরপুর সদরের নিরাপদ খাদ্য অধিদপ্তরের স্যানিটারি পরিদর্শক তারিকুল ইসলাম ।

সরকারি পক্ষের আইনজীবি ছিলেন রুত শোভা মন্ডল,আসামি পক্ষের আইনজীবি ছিলেন, এ্যাড এ কে এম সফিকুল আলম ।